Reviesed worksheet:– ( মজার মুল্লুক)

1. নিচের কোন গ্রন্থটি যোগীন্দ্রনাথ সরকারের লেখা?
মজার দেশ / ছড়া / ছোটদের কবিতা / হাসিখুশি ।

2. “বরণ” শব্দের অর্থ কি ?
লাল রং / সবুজ রং / রং / কমলা রং ।

3. ছেলেরা সব খেলাফেলে কেন বই নিয়ে পড়তে বসে?
তারা খেলাধুলা ভালোবাসে না / তাদের মজার দেশে এরকমই ঘটে / তারা সকলেই পড়াশোনায় ভাল ছিল / তারা বাংলা পড়তে ভালোবাসতো।

4.একদিন রাহুল এমন একটি জায়গার কথা শুনল যেখানে সবকিছু সাধারণ নিয়মের উল্টো। সে বুঝতে পারল এটি “মজার মুল্লুক”-এর মতোই অদ্ভুত।
এই ধরনের জায়গার প্রধান বৈশিষ্ট্য কী?
সব মানুষ খুব নিয়ম মেনে চলে / সব ঘটনা স্বাভাবিকভাবে ঘটে / সবকিছু হাস্যকর ও উল্টোভাবে ঘটে / সবাই খুব গম্ভীর থাকে ।

5.“মজার মুল্লুক” কবিতায় কবি যে কল্পনার জগৎ তৈরি করেছেন, তার উদ্দেশ্য কী?
ভয় সৃষ্টি করা / আনন্দ ও হাসির মাধ্যমে ভাবনা জাগানো / ইতিহাস শেখানো / কঠিন শিক্ষা দেওয়া ।

6. মজার মুল্লুক কবিতার কবি কোন বৈশিষ্ট্য ব্যবহার করেছেন?
বাস্তব বর্ণনা / কল্পনা ও হাস্যরস /বৈজ্ঞানিক ব্যাখ্যা /ভ্রমণ কাহিনি।

7.তোমরা যদি “মজার মুল্লুক” নিয়ে একটি ছবি আঁকো, তবে ছবিতে কোন বিষয়টি থাকা সবচেয়ে উপযুক্ত?
সাধারণ শহরের রাস্তা / অদ্ভুত ও মজার পরিবেশ / যুদ্ধের দৃশ্য / বিদ্যালয়ের ক্লাসঘর ।

8.মিতা এমন একটি গল্প লিখল যেখানে গাছ কথা বলছে এবং মানুষ উড়ছে। এটি “মজার মুল্লুক”-এর কোন বৈশিষ্ট্যের সঙ্গে মেলে?
বাস্তবতা / কল্পনাশক্তি / ইতিহাস / বিজ্ঞান ।

9.কবিতার মাধ্যমে কবি শিশুদের মধ্যে কোন গুণটি বাড়াতে চেয়েছেন?
কল্পনাশক্তি / অলসতা / ভয় / রাগ ।
10. মন্তব্য : ডাঙ্গায় চড়ে কই কাতলা।
কারণ : জলে চরে হাঁস।
মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক।

11.একটি দেশে যদি সব নিয়ম উল্টোভাবে চলে, তাহলে সেটি কবিতার কোন ভাবনার সঙ্গে সম্পর্কিত?
মজার ও অদ্ভুত জগৎ / বাস্তব জীবন / কঠিন সমস্যা / শিক্ষামূলক নিয়ম ।
12.“মজার মুল্লুক” কবিতা পড়ে তুমি কি বুঝতে পারো?
কল্পনা মানুষের চিন্তাকে সমৃদ্ধ করে / সব সময় ভয় পাওয়া উচিত / হাসি কোনো কাজে লাগে না / নতুন ভাবনা ঠিক নয় ।